যুগান্তর

তারিখ 16 JAN 20 5
পৃষ্ঠা ... কলাম ...

# কাল ১৩টি সরকারি মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা

যুগান্তর রিপোর্ট

আগামীকাল শুক্রবার সারাদেশের ১৩টি সরকারি মেডিকেল কলেজে অভিন্ন পরীক্ষা : পৃষ্ঠা : ১৩ কলাম : ৭

## পরীক্ষা : মেডিকেল

(শেষ পৃষ্ঠার পর)

প্রশ্নপত্রে এমবিবিএস প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার ভর্তিযুদ্ধে ১ হাজার ৫০৬টি আসনের জন্য সাড়ে ১৮ হাজার ছাত্রছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছে। ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনার জন্য ১৩টি মেডিকেল কলেজে ইতিমধ্যে সব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এবার সারাদেশে সাড়ে ২২ হাজার ফরম বিক্রি হলেও জমা পড়েছে সাড়ে ১৮ হাজার। ভর্তি পরীক্ষার জন্য বিক্রি করা ফরমে ভুল থাকায় পরীক্ষার্থীদের অনেকে বিভ্রান্ত হয়ে ভুল ফরম পূরণ করেছে ভেবে ফরমই জমা দেয়নি বলে বহু ছাত্রছাত্রী অভিযোগ করেছে। স্বাস্থ্য অধিদফতর অবশ্য এ অভিযোগ অস্বীকার করেছে। তাদের বক্তব্য, ফরমের মূল্য মাত্র ২০ টাকা হওয়ায়, ছাত্রছাত্রীরা একাধিক ফরম কিনেছে। সে কারণে ৪ হাজার ফরম জমা পড়েনি।

অধিদফতর সূত্রে জানানো হয়, ঢাকা মেডিকেল কলেজে ৬ হাজার ৭৬৬টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে জমা পড়েছে ৫ হাজার ৭৬৯টি। স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজে ৫ হাজারের অধিক ফরম বিক্রি হয়েছে, জমা পড়েছে ৪ হাজার ১৭৫টি। চট্টগ্রামে ২ হাজারের অধিক ফরম বিক্রি হলেও জমা পড়েছে ১ হাজার ৭৩০টি। ময়মনসিংহে বিক্রি হয় প্রায় ১ হাজার ৫শ, জমা পড়েছে ১ হাজার ১৩০টি। রাজশাহীতে বিক্রি হয় ১ হাজার ৭১০টি, জমা পড়েছে ১ হাজার ৪২৫টি। সিলেটে বিক্রি হয়েছে ৭৪৫টি, জমা পড়েছে ৫১৭টি। রংপুরে বিক্রি হয়েছে ১ হাজার ৬১টি, জমা পড়েছে ৯৩৪টি। বরিশালে বিক্রি হয়েছে ৪৪৫টি, জমা পড়েছে ৩৩০টি। খুলনায় বিক্রি হয়েছে ১ হাজার ৪৪টি, জমা পড়েছে ৮৯০টি। ফরিদপুরে বিক্রি হয়েছে ২৯৫টি, জমা পড়েছে ২২২টি। বগুড়ায় বিক্রি হয়েছে ৭১৫টি, জমা পড়েছে ৫৪৭টি। কুমিল্লায় বিক্রি হয়েছে ৬৯৪টি, জমা পড়েছে ৪৮৯টি এবং দিনাজপুরে বিক্রি হয়েছে ৪১৫টি, জমা পড়েছে ২৮৫টি। অনুসন্ধান করে জানা গেছে, ভর্তি পরীক্ষার ফরমের ৯ ও ১০ নম্বর ঘরে ভুল ছিল। নাম প্রকাশে অনিচ্ছুক স্বাস্থ্য অধিদফতরের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, ভুল থাকলেও তা সংশোধন করা হয়েছে। যে ভুলের কথা বলা হচ্ছে সে কারণে ৪ হাজার ফরম জমা পড়েনি কথাটি মোটেও সত্য নয়। ঢাকা মেডিকেল কলেজের ছেলেদের ভর্তি পরীক্ষা কলেজ গ্যালারি ও বুয়েটে এবং মেয়েদের পরীক্ষা বদরুন্নেছা কলেজে অনুষ্ঠিত হবে। ঢাকা মেডিকেল কলেজের প্রিন্সিপাল অধ্যাপক তোফায়েল আহম্মেদ যুগান্তরকে জানান, পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের জন্য যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।